



বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি)
রহমান'স রেগনাম সেন্টার (৮ম ও ৯ম তলা)
১৯১ তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮।



ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
POSTS & TELECOMMUNICATIONS DIVISION

বিএসসিপিএলসি-এর ১৬তম বার্ষিক সাধারণ সভার নোটিশ।

বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি-এর ১৬তম বার্ষিক সাধারণ সভা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর নির্দেশনা নং-বিএসইসি/আইসিএডি/এসআরআইসি/২০২৪/৩১৮/৮৭, তাং- ২৭-০৩-২০২৪খ্রি. মোতাবেক ভার্সুয়াল প্ল্যাটফর্ম (লিংক- <https://bsccl.com.bd/agm>) ব্যবহার করে আগামী ২৭ নভেম্বর ২০২৪খ্রি. তারিখ রোজ বুধবার, সকাল ১১:০০ ঘটিকায় কোম্পানির চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। সকল সম্মানিত শেয়ারহোল্ডারকে ভার্সুয়াল প্ল্যাটফর্ম ব্যবহার করে উক্ত সভায় যোগদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। সভার আলোচ্যসূচিসমূহ নিম্নরূপঃ

সাধারণ কার্যাবলী:

- আলোচ্যসূচি-১ : ৩০শে জুন, ২০২৪খ্রি. তারিখে সমাপ্ত অর্থ বছরের পরিচালনা পর্ষদের প্রতিবেদন ও নিরীক্ষিত আর্থিক বিবরণী বিবেচনা ও গ্রহণ।
- আলোচ্যসূচি-২ : ৩০শে জুন, ২০২৪ খ্রি. তারিখে সমাপ্ত অর্থ বছরের জন্য লভ্যাংশ ঘোষণা।
- আলোচ্যসূচি-৩ : কোম্পানির সংঘবিধির বিধি নং- ১২০, ১২১ ও ১২২ অনুসারে পরিচালক নির্বাচন।
- আলোচ্যসূচি-৪ : ২০২৪-২০২৫ হিসাব বছরের জন্য কোম্পানির বিধিবদ্ধ নিরীক্ষক নিয়োগ ও নিরীক্ষকের সম্মানি নির্ধারণ।
- আলোচ্যসূচি-৫ : ২০২৪-২০২৫ হিসাব বছরের জন্য কোম্পানির কমপ্লায়েন্স অডিটর নিয়োগ ও অডিটরের সম্মানি নির্ধারণ।

পরিচালনা পর্ষদের নির্দেশক্রমে,

তারিখ: ০৫ নভেম্বর ২০২৪ খ্রি.।

(স্বাক্ষরিত)

(মোহাম্মদ জাকিরুল আলম)

কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব), বিএসসিপিএলসি

ফোন: ০২-২২৬৬০৩৩১৩, মোবাইল: ০১৯১১৩২৮০০৯

ই-মেইল- cs@bscplc.gov.bd

বিশেষ দৃষ্টব্য:

- যে সকল শেয়ারহোল্ডারের নাম রেকর্ড ডেট তথা ০৪ নভেম্বর, ২০২৪ খ্রি. তারিখে কোম্পানিতে সংরক্ষিত শেয়ার রেজিস্ট্রার অথবা ডিপজিটরী রেজিস্ট্রারে লিপিবদ্ধ হবে, উক্ত শেয়ারহোল্ডারগণ বর্ণিত সাধারণ সভায় অংশগ্রহণ করতে পারবেন।
- বর্ণিত সাধারণ সভায় অংশগ্রহণের অধিকার অর্জনকারী শেয়ারহোল্ডারগণ তাঁর পক্ষে ভোট প্রদানের জন্য প্রক্সি নিয়োগ করতে পারেন। উল্লেখ্য যে, প্রক্সি নিয়োগের জন্য কোম্পানির ওয়েবসাইটে প্রদত্ত প্রক্সি ফরম যথাযথভাবে পূরণ করে এবং প্রযোজ্য রেভিনিউ স্ট্যাম্প সংযুক্ত করে সাধারণ সভা শুরু হওয়ার ন্যূনতম ৯৬ ঘণ্টা পূর্বে কোম্পানির নিবন্ধিত কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- সকল শেয়ারহোল্ডারের নিকট রেকর্ড ডেটে ডিপজিটরীতে লিপিবদ্ধ ঠিকানায় এজিএম নোটিশ, ভার্সুয়াল প্ল্যাটফর্ম লিংক ও ভার্সুয়াল প্ল্যাটফর্মের ব্যবহার বিধি ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা হবে এবং উক্ত তথ্যাদি কোম্পানির ওয়েবসাইট <https://bsccl.com.bd/agm> -এ ও পাওয়া যাবে।
- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর ২৪ অক্টোবর ২০১৩-এ জারিকৃত নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2009-193/154 এর নির্দেশনা অনুসারে শেয়ারহোল্ডারগণকে উক্ত সাধারণ সভায় উপস্থিতির জন্য কোন প্রকার নগদ/উপহার প্রদান করা হবে না।